রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৭, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৯/২০২৬

## জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০২৪ রহিতকল্পে আনীত বিল

যেহেতু জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সনের ১২ নং অধ্যাদেশ) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) (রহিতকরণ) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সনের ১২ নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা বৈধভাবে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে ।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বিলুপ্ত দ্বাদশ জাতীয় সংসদের স্পীকার পদত্যাগ করায় জাতীয় স্বার্থে জাতীয় সংসদ ভবনসহ সংসদের সকল প্রকার সম্পত্তি রক্ষণাবেক্ষণ, নিয়ন্ত্রণ এবং জাতীয় সংসদ সচিবালয়ের প্রশাসনিক ও আর্থিক কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সনের ১২ নং অধ্যাদেশ) প্রণয়ন ও জারি করা হয়। উক্ত অধ্যাদেশের অধীন ত্রয়োদশ জাতীয় সংসদের স্পীকার তার দায়িত্বভার গ্রহণ না করা পর্যন্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে সংসদ সচিবালয় পরিচালনার ক্ষেত্রে স্পীকারের প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য দায়িত্ব ও ক্ষমতা (সংবিধানের অনুচ্ছেদ ৭৪ অনুযায়ী সংসদ কার্য সংক্রান্ত দায়িত্ব ব্যতীত) আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টার উপর অর্পন করা হয় এবং একটি অন্তর্বর্তীকালীন সংসদ সচিবালয় কমিশন গঠন করা হয়।

২। সংবিধানের ৯৩ অনুচ্ছেদের দফা (২) এর বিধান অনুযায়ী ১২ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদের **১**ম অধিবেশনের প্রথম বৈঠকে উক্ত অধ্যাদেশটি উপস্থাপন করা হয়।

৩। ত্রয়োদশ জাতীয় সংসদের স্পীকার দায়িত্বভার গ্রহণের সাথে সাথে উক্ত অধ্যাদেশটির আর প্রয়োজন হবে না। উক্ত অধ্যাদেশের অধীন কৃত কাজ-কর্ম ও গৃহীত ব্যবস্থাদির হেফাজত প্রদানের নিমিত্ত জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) (রহিতকরণ) আইন, ২০২৬ প্রস্তুত করা হয়েছে।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd